

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

তারিখ: ০৬.০৭.২০১৭ খ্রি:।

স্মারক: নং- ৫৭-২৫.০০০০.০০৩.০২.০০৫.১৫ ৪৭২

বিষয়: লামা ইসলামিয়া ফাযিল মাদরাসায় চার জন শিক্ষক/কর্মচারী নিয়োগে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ বিষয়ে প্রয়োজনীয় তথ্যসহ একটি প্রতিবেদন মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) বাংলাদেশ মানবাধিকার কমিশন, লামা উপজেলা শাখা এর স্মারক নং- বামাক/লামা/২০১৭/অ-শি/৬

তারিখ: ১৪.০১.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে বাংলাদেশ মানবাধিকার কমিশন, লামা উপজেলা শাখা কর্তৃক একখানা আবেদন মাদরাসা শিক্ষা অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. দাখিলকৃত আবেদনে জানানো হয়েছে যে, মহোদয়ের মাদরাসায় গত ৩০.১২.২০১৬ খ্রি: তারিখে আরবি প্রভাষক, বি.এস.সি গণিত, ইবতেদায়ী প্রধান ও অফিস সহকারী পদ সমূহে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং উক্ত নিয়োগে অনেক অনিয়ম ও দুর্নীতি হয়েছে।

০৩. বাংলাদেশ মানবাধিকার কমিশন, লামা উপজেলা শাখা কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তরে দাখিলকৃত আবেদনে উল্লিখিত অভিযোগ সমূহের আলোকে নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজন-

(ক) বর্ণিত পদ সমূহে শিক্ষক/ কর্মচারী নিয়োগের নিমিত্তে কত তারিখে জাতীয় ও স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছিল (প্রমাণকসহ)?

(খ) বর্ণিত পদ সমূহে কত তারিখে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়?

(গ) এ নিয়োগে ডি.জি এর প্রতিনিধিত্ব করেছিল কে/কারা (প্রমাণকসহ)?

(ঘ) এ নিয়োগে নিয়োগ বোর্ড কর্তৃক নির্বাচিত প্রার্থীদের কত তারিখে সুপারিশ করা হয় এবং নিয়োগ বোর্ডের সুপারিশ মোতাবেক গভর্নিং বডি কর্তৃক কত তারিখে নিয়োগ অনুমোদন করা হয় ?

(ঙ) এ নিয়োগে প্রাপ্ত আবেদনসমূহ সঠিকতা নির্ণয়ের নিমিত্ত যাচাই-বাছাই কমিটি গঠন করা হয়েছিল কি-না (প্রমাণকসহ)?

(চ) এ নিয়োগে প্রত্যেকটি পদের বিপরীতে কতটি আবেদন দাখিল হয়েছিল এবং দাখিলকৃত/প্রাপ্ত আবেদনসমূহের মধ্যে কতটি সঠিক/বেঠিক পাওয়া যায় (প্রমাণকসহ)? দাখিলকৃত সকল আবেদনকারীদের আবেদনসমূহ (প্রত্যেকের ফোন নং সহ) প্রেরণসহ।

(ছ) সকল সঠিক/যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের কার্ড ইস্যু করা হয়েছিল কি-না (প্রমাণকসহ)?

(জ) ২০১৪ সালে প্রকাশিত বিজ্ঞাপনের দ্বারা ২০১৬ সালে নিয়োগ প্রদান বৈধ কি-না? বৈধ হলে তার স্বপক্ষে প্রমাণকসহ।

(ঝ) এ নিয়োগে বি.এস.সি পদে নিয়োগপ্রাপ্ত জনাব ফয়সাল আলম এবং ইবতেদায়ী প্রধান পদে নিয়োগপ্রাপ্ত জনাব মো: জাফর আলম ২০১৪ সালের ১০ অক্টোবর তারিখে প্রকাশিত পত্রিকার বিজ্ঞাপন মোতাবেক যথাসময়ে আবেদন করেছিল কি-না (প্রমাণকসহ)?


(ঞ) প্রত্যেক আবেদনকারীর বিপরীতে পে-অর্ডার আছে কি-না (প্রমাণকসহ)?

(ট) এ নিয়োগে কোন প্রকার আর্থিক লেন-দেন/দুর্নীতি হয়েছে কি-না? আর্থিক লেন-দেন হয়ে থাকলে এর সাথে কে/কারা জড়িত (নাম ঠিকানসহ)?

(ঠ) বর্তমান এ বিষয়ে করণীয় কি?

০৪. বিষয়োক্ত মাদরাসার ৩০.১২.২০১৬ খ্রি: তারিখে চারটি পদে (আরবি প্রভাষক, বি.এস.সি গণিত, ইবতেদায়ী প্রধান ও অফিস সহকারী পদ সমূহে) নিয়োগ সংক্রান্ত বিষয়টি সুরাহা হওয়া প্রয়োজন।

০৫. এমতাবস্থায় নিয়োগ সংক্রান্ত উক্ত বিষয়টি সুরাহার জন্য উপরিউক্ত তথ্যাদিসহ একটি প্রতিবেদন আগামি ২০.০৭.২০১৭ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


০৫.০৭.১৭

মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-gdmeb@gmail.com

অধ্যক্ষ

লামা ইসলামিয়া ফাযিল মাদরাসা, ডাক: ও উপজেলা: লামা, বান্দরবন পার্বত্য জেলা।

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল।

৩. জেলা শিক্ষা অফিসার, বান্দরবন পার্বত্য জেলা।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লামা, বান্দরবন পার্বত্য জেলা।

৫. অফিস কপি।